গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)

www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৭০ তারিখ: ৫ আশ্বিন ১৪২৫

২০ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য জেলা প্রশাসক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের নিকট হতে দেশের কোন জায়গায় অগ্নিকান্ড,নৌকাডুবি ,বজ্রপাতে বা অন্য কোন দুর্যোগে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। দুর্যোগ সংক্রান্ত তথ্য সংগ্রহের কার্যক্রম অব্যহত রয়েছে।

## আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ০২ (দুই), তারিখ: ২০.০৯.২০১৮ খ্রিঃ

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (১৭.৮ উত্তর অক্ষাংশ এবং ৮৭.৩° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ) সকাল ০৯ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৭০০ কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৬৫৫ কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৫৮০ কিঃ মিঃ দক্ষিণ/দক্ষিণ-পশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৫৭৫ কিঃ মিঃ দক্ষিণ/দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত হয়ে উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৪০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর মাঝারী ধরণের উত্তাল রয়েছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। **চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।** উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

**আজ ২০/০৯/২০১৮ ইং তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রাজশাহী, কুষ্টিয়া, খুলনা, যশোর, বরিশাল, পটুয়াখালী, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, কুমিল্লা, নোয়াখালি, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিন/দক্ষিন-পুর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**আজ সন্ধ্যা ০৬ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

পূর্বাভাসঃ বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছুজায়গায় এবং ময়মনসিংহ, ঢাকা ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ আকাশসহ আবহাওয়া প্রধাণতঃ শুষ্ক থাকতে পারে।

**তাপ**

**প্রবাহ:** ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, চট্টগ্রাম, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, মাঈজদীকোর্ট, ফেনী, খুলনা, সাতক্ষীরা, যশোর, চুয়াডাঙ্গা, ভোলা ও পটুয়াখালী অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৪৮ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** সামান্য পরিবর্তন হতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| **বিভাগের নাম** | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.৫ | ৩৪.৫ | ৩৬.৫ | ৩৪.৮ | ৩৬.০ | ৩৪.৮ | ৩৬.৮ | ৩৭.৩ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.৬ | ২৭.০ | ২৪.৫ | ২৪.৮ | ২৬.২ | ২৫.৫ | ২৬.৬ | ২৭.০ |

**দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা:** সর্বোচ্চ ভোলা ৩৭.৩° এবং সর্বনিম্ন রাংগামাটি ২৪.৫° সেঃ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পুর্বাভাস

- ব্রহ্মপুত্র ও গঙ্গা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ ঘন্টা অব্যাহত থাকতে পারে।
- যমুনা ও পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘন্টায় হ্রাস পেতে পারে।
- আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ, জামালপুর ও টাঙ্গাইল জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ৯.০০ টা পর্যন্ত)

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৪ | গেজ স্টেশন বন্ধ আছে | ০১ |
|---|---|---|---|
| বৃদ্ধি | ৩৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৫৫ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ |
| অপরিবর্তিত | ০৪ | বিপদসীমার উপরে | ৫ |

**অদ্য দেশের ৫টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|
| গাইবান্ধা | ফুলছড়ি | যমুনা | +১ | +৯ |
| বগুড়া | সারিয়াকান্দি | যমুনা | +৪ | +২১ |
| জামালপুর | বাহাদুরাবাদ | যমুনা | -৪ | +৫ |
| সিরাজগঞ্জ | বাঘাবাড়ী | আত্রাই | ০ | +১৩ |
| টাংগাইল | এলাশিন | ধলেশ্বরী | +৫ | +৩৩ |

বারিপাত তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| জামালপুর | ৩৮.০ | রামগড় | ৩১.০ |

**অগ্নিকান্ড:** অদ্য দেশের কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২০-৯-২০১৮
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৭০/১(৬৪)

তারিখ: ৫ আশ্বিন ১৪২৫
২০ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক (প্রতিকল্প), পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

২০-৯-২০১৮
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা